



**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 6 December 2025**

**TIME: 7:35 AM**

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা দুদিনের বরাক উপত্যকা সফরসূচি নিয়ে আজ শিলচর আসছেন। দুদিনব্যাপী এই সফরে এসে মুখ্যমন্ত্রী হাইলাকান্দি ও শিলচরে বেশ কয়েকটি অনুষ্ঠানে অংশ গ্রহণ করবেন। ডক্টর শর্মা আজ প্রথমে শিলচর পৌছে হাইলাকান্দির উদ্দেশ্যে রওয়ানা দেবেন। সেখানে পৌছে বেলা ১১টা ১৫ মিনিটে হাইলাকান্দি খেলার মাঠে আয়োজিত বেলা মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা অভিযান প্রকল্পের অধীনে হিতাধিকারীদের মধ্যে চেক বিতরণ করবেন। এর পর মুখ্যমন্ত্রী বেলা ১টা ১৫ মিনিটে ধলাই বিধানসভা আসনের অধীন বরজালেঙ্গা মাঠে আয়োজিত মহিলা উদ্যমিতা অভিযান প্রকল্পের অধীনে হিতাধিকারীদের মধ্যে চেক বিতরণ করবেন। সরকারী অনুষ্ঠান ছাড়াও মুখ্যমন্ত্রী হাইলাকান্দিতে শ্যামা প্রসাদ মুখার্জীর মূর্তি স্থাপনের জন্য শিলান্যাস অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন বলে আমাদের হাইলাকান্দি সংবাদদাতা জানিয়েছেন।

পরদিন, অর্থাৎ আগামীকাল বেলা সাড়ে ১০টায় মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা দীর্ঘ প্রতিশ্কিত মধুরা সেতুর শিলান্যাস করবেন। শিলচর মালুগ্রাম রাইস মিলের কাছে গান্ধীঘাটে প্রস্তাবিত এই সেতুর শিলান্যাস করা হবে। উল্লেখ্য যে এই

সেতু নির্মাণের কাজ সম্পূর্ণ হলে বৃহত্তর মধুরা সহ পার্শ্ববর্তী এলাকাগুলির সঙ্গে আন্তঃজেলা যোগাযোগ ব্যবস্থা তরান্বিত হবে । ওইদিন এই শিলান্যাস অনুষ্ঠান সমাপ্ত হওয়ার পর মুখ্যমন্ত্রী বেলা সাড়ে ১১টায় উদারবন্দ ডি এন এইচ এস খেলার মাঠে আয়োজিত মুখ্যমন্ত্রী মহিলা উদ্যমিতা প্রকল্পের অধীনে হিতাধিকারীদের মধ্যে চেক বিতরণ করবেন । এই অনুষ্ঠানের পর মুখ্যমন্ত্রী গৌহাটির উদ্দেশ্যে রওয়ানা দেবেন ।

---

আসন্ন রাজ্য বিধানসভা নির্বাচনের জন্য শাসনাধিষ্ট বি জে পি সব ধরনের প্রস্তুতি সম্পূর্ণ করেছে বলে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা জানিয়েছেন । তামুলপুরে গতকাল সাংবাদিকদের এ কথা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন যে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ তার আসন্ন আসাম সফরের সময় ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের জন্য দলের চূড়ান্ত রূপরেখা প্রস্তুত করবেন । বি টি সি অঞ্চলে বিধানসভা নির্বাচনের প্রস্তুতি এখনও শুরু করা হয় নি বলে উল্লেখ করে মুখ্যমন্ত্রী ডক্টর শর্মা বলেন যে এছাড়া রাজ্যের অন্যান্য সব অঞ্চলের নির্বাচনী প্রস্তুতি সম্পূর্ণ করে তুলা হয়েছে ।

---

অসামরিক বিমান পরিবহন মন্ত্রী রামমোহন নাইডু ইন্ডিগো এয়ার লাইন্সের বিমানের উড়ান বাতিল এবং অস্বাভাবিক বিলম্ব হওয়ার বিষয়টি আজ থেকে স্বাভাবিক হবে এবং আজ থেকে যাত্রীদের আর বিমানবন্দরে অপেক্ষা করতে হবেনা বলে আশা প্রকাশ করেছেন । তিনি জানান যে সরকার সমগ্র বিষয়টির উপর দৃষ্টি রেখে চলেছে । নতুনদিল্লীতে তিনি সাংবাদিকদের জানান যে মন্ত্রনালয় প্রতিটি

বিমানবন্দরে মা ও শিশু , প্রবীণ নাগরিক এবং বিশেষভাবে সক্ষম লোকেদের সুবিধা অসুবিধার প্রতি নজর রএখে চলেছে ।

---

জুবিন গার্গের রহস্যজনক মৃত্যু সম্পর্কে গঠিত বিশেষ তদন্তকারী গোষ্ঠী ( এস আই টি ) এই ঘটনার তদন্ত প্রক্রিয়া সম্পূর্ণ করেছে এবং আগামী ১২ ডিসেম্বরের মধ্যে অভিযোগনামা দাখিল করবে । মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা আজ সাংবাদিকদের এ কথা জানিয়েছেন । তিনি জানান যে এস আই টি বৃহৎ সংখ্যক সাক্ষ্য প্রমান লাভ করা সহ প্রায় ৩ হাজার পৃষ্ঠার অভিযোগনামা প্রস্তুত করেছে এবং নির্ধারিত সময়ের আগেই তা পেশ করবে ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ মাধ্যমিক স্তরের প্রেক্ষিক্যাল পরীক্ষার সময়সূচি ঘোষণা করেছে । এই সময়সূচি অনুসারে নির্ধারিত বিষয়গুলির জন্য আগামী ২৮ এবং ২৯ জানুয়ারী পরীক্ষা অনুষ্ঠিত হবে ।

---

ডিমাহাসাও পার্বত্য জেলার মনোরম প্রাকৃতিক পরিবেশের মধ্যে আজ ওই জেলার প্রথম আসাম ক্রিকেট সংস্থার ষ্টেডিয়াম উদ্বোধন করা হয়েছে । উমরাংসুতে নির্মিত এই নতুন ক্রিকেট ষ্টেডিয়ামটির উদ্বোধন করে মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তুবিশ্ব শর্মা খেলার সব ধরনের সুবিধা রাজ্যের প্রত্যেকটি জেলায় পৌছে দিতে রাজ্য সরকার দৃঢ় প্রতিজ্ঞ বলে মন্তব্য করেন । উল্লেখ্য যে ক্রিকেটের সব ধরনের প্রয়োজনীয় সুবিধায় সমৃদ্ধ প্রায় ৩০ বিঘা জমিতে নির্মিত

এই ষ্টেডিয়ামে ১৫ হাজার দর্শক এক সঙ্গে খেলা উপভোগ করতে পারবেন । ষ্টেডিয়ামটিতে ৫টি পিচ , ১টি আধুনিক প্যাভেলিয়ন এবং অন্যান্য উন্নত সুবিধা সমূহ খেলোয়াড়রা লাভ করবেন । এই ষ্টেডিয়াম ক্রীড়ার ক্ষেত্রে ডিমাহাসাওকে এগিয়ে নিয়ে যাওয়া সহ পর্যটনের ক্ষেত্রেও সম্ভাবনার দ্বার প্রসস্ত করবে বলে আশা করা হচ্ছে ।

---

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত আর সেটি-র উদ্যোগে কাছাড় ও হাইলাকান্দি জেলার ১৮ থেকে ৫০ বছর বয়সী বেকার যুবক-যুবতীদের দক্ষতা বৃদ্ধি ও স্বনির্ভরতার লক্ষ্যে শিলচরের আর সেটি কার্যালয়ে একমাস ব্যাপী বস্ত্র চিত্রকলা ও ড্রেস ডিজাইনিং-এর উপর প্রশিক্ষন কর্মশালা অনুষ্ঠিত হবে । ইচ্ছুক প্রার্থীদের আগামী ৮ই ডিসেম্বরের মধ্যে আর সেটি কার্যালয়ে এসে নাম নথিভুক্ত করতে অনুরোধ করা হয়েছে । বিশদ বিবরন শিলচরে আর সেটি কার্যালয়ে পাওয়া যাচ্ছে ।

---

---